

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)  
নিয়ামতপুর, নওগাঁ।

স্মারক নং - ৫১.০১.৬৪০০.৬৯.০১৪.১৯-৯১

তারিখ ১০/১০/২০১৯ খ্রি।

বিষয় : ২০১৯-২০২০ অর্থ বছরে অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর ১ম পর্যায়ে প্রকল্প তালিকা দাখিল প্রসংক্ষে।

সূত্র : দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং ৫১.০১.০০০০.০১৯.৯৬.২৬৮.১৯ - ৫০২

তারিখ: ০২/১০/২০১৯ খ্রি।

উর্পর্যুক্ত বিষয় ও সুত্রোক্ত স্মারকের আলোকে জানানো যাচ্ছে যে, ২০১৯-২০২০ অর্থ বছরে "অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান" কর্মসূচীর ১ম পর্যায়ে নিয়ামতপুর উপজেলার অনুকূলে ১২৭৮ জন শ্রমিকের ৪০ দিনের শ্রম মজুরী খাতে = ১,০২,২৪,০০০/- (এক কোটি দুই লক্ষ চব্বিশ হাজার টাকা মাত্র) টাকার বরাদ্দ পাওয়া গিয়াছে। উক্ত বরাদ্দ অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর সর্বশেষ জারীকৃত পরিপত্র মোতাবেক ৫০%জনসংখ্যা,৫০% আয়তন অনুসারে ইউনিয়ন ওয়ারী বিভাজন দেওয়া হলো।

ক্রঃনং	ইউনিয়নের নাম	শ্রমিক সংখ্যা
০১	হাজিনগর	১৬১ জন
০২	চন্দননগর	১৪০ জন
০৩	ভাবিচা	১৫৮ জন
০৪	নিয়ামতপুর	১৩৬ জন
০৫	রসুলপুর	২০৬ জন
০৬	পাড়ইল	১৬৩ জন
০৭	শ্রীমন্তপুর	১৪৪ জন
০৮	বাহাদুরপুর	১৭০ জন
	মোট =	১২৭৮ জন।


শর্তাবলী:-

- ১। খালখনন ও পুনঃখনন, বাঁধ নির্মাণ, পুনঃনির্মাণ, সেচ নালা খনন, বিভিন্ন শিক্ষা, সামাজিক, ও ধর্মীয় প্রতিষ্ঠানের প্রাঙ্গনে মাটি ভরাট প্রকল্প গ্রহণ করা যাবে।
- ২। মোট শ্রমিক সংখ্যার ৩৩% মহিলা শ্রমিক থাকতে হবে এবং পূর্ববর্তী বছরের/ফেজের উপকারভোগী পরবর্তী বছর/ফেজে পরিবর্তন করা যাবে না। তবে কোন উপকারভোগীর মৃত্যু হলে অথবা কাজ করতে অক্ষম হলে সেক্ষেত্রে তার পরিবারের সদস্যকে (উপকারভোগী নির্বাচনের যোগ্য) তার স্থলে অর্ন্তুক্ত করা যাবে। পরিবারের সদস্য বলতে স্ত্রী, স্বামী, পুত্র, কন্যা, পিতা ও মাতাকে বুঝাবে। মূল তালিকার ৩০% অপেক্ষমান তালিকা রাখতে হবে। যদি কোন শ্রমিক বাদ পড়ে তাহলে তাৎক্ষণিক শূন্যস্থান পূরণ করতে হবে।
- ৩। প্রতিটি ইউনিয়নে সর্বোচ্চ ৫টি প্রকল্প গ্রহণ করা যাবে, তবে কোনভাবেই ৫টির বেশি গ্রহণ করা যাবে না এবং প্রত্যেকটি প্রকল্পে সর্বনিম্ন শ্রমিক সংখ্যা ২৫ (পঁচিশ) জন হতে হবে।
- ৪। ইউনিয়ন কমিটি শ্রমিক ও প্রকল্প বাছাই করিবেন এবং সেক্ষেত্রে ইউনিয়ন কমিটিতে মনোনীত সদস্যগণ কে সম্পৃক্ত করতে হবে।
- ৫। প্রতিটি প্রকল্পের জন্য প্রকল্প কমিটি গঠন করতে হবে। প্রকল্প কমিটি ৫-৭ সদস্য বিশিষ্ট হতে হবে। প্রকল্প কমিটিতে অবশ্যই তিন (০৩) জন ইউ.পি সদস্য, দুই (০২) জন মহিলা (সংরক্ষিত ইউ.পি সদস্যসহ) থাকতে হবে।
- ৬। কোন ইউ.পি চেয়ারম্যান প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতি হতে পারবে না।
- ৭। শ্রমিক তালিকা ও প্রকল্প তালিকা কম্পিউটারে ইউনিকোড ফন্টে সফট ও হার্ড কপি জমা দিতে হবে। প্রকল্প ও শ্রমিক তালিকা অপারেশন ম্যানুয়াল-ইজিপিপি ৩৯ এর সংযোজনী ৭ ও ৪০ এর সংযোজনী -৭(ক) ছকে প্রণয়ন করতে হবে।
- ৮। সর্বশেষ জারীকৃত অপারেশন ম্যানুয়াল অনুযায়ী অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচী (ইজিপিপি) যথাযথ ভাবে অনুসরণ করে যাবতীয় কার্যক্রম সম্পাদন পূর্বক আগামী

খ্রিঃ তারিখের মধ্যে প্রকল্পের নামসহ শ্রমিক তালিকা দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

প্রাপকঃ চেয়ারম্যান

নিয়ামতপুর, নওগাঁ।

  
১০.১০.১৯  
জয়া মারীয়া পেরেরা  
উপজেলা নির্বাহী অফিসার  
নিয়ামতপুর, নওগাঁ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ৪৬, নওগাঁ-১।
- ০২। জেলা প্রশাসক, নওগাঁ।
- ০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নিয়ামতপুর, নওগাঁ।
- ০৪। জেলা প্রাণ ও পূর্ববাসন অফিসার নওগাঁ।
- ০৫। অফিস কপি।